

১। ভবঘুরে পঙ্কু করিম লাঠিয়ালের জীবনে রয়েছে এক করণ অতীত। গ্রামের সুদখোর তালেরুর ব্যাপারি যখন তার ভিটে মাটি মিথ্যা অজুহাতে দখল করে নিছিল তখন ভীষণ মারামারিতে তার ২০ বছরের ছেলের মৃত্যু হয়। আর তার দুটি পা অকেজো হয়ে যায়। সর্বস্ব হারিয়ে তাই বৃদ্ধ বয়সে স্ত্রীসহ সে আজ পথের ভিখারী।

- ক) উপেনের শেষ সম্বল হিসেবে কয় বিদ্যা জমি ছিল?  
খ) উপেন জমিদারের ক্রোধের শিকার হয় কেন?  
গ) উদ্বীপকের ভবঘুরে করিম লাঠিয়ালের সাথে ‘দুই বিদ্যা জমি’ কবিতায় উপেনের সাদৃশ্যের বিশেষ দিকটি কী? ব্যাখ্যা কর।  
ঘ) উদ্বীপকটি ‘দুই বিদ্যা জমি’ কবিতার সমষ্টি বিষয়কে ধারণ করে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

২। হরি আজ বহু বছর যাবৎ নিজের ভিটেমাটি ছাড়া। মহাজনের ঝণের দায়ে তাকে সব হারাতে হয়েছে। কিন্তু শত দুঃখ কষ্টের মাঝেও সে ভুলতে পারে না তার ঐ একটি মাত্র ভিটের স্মৃতি। তার ব্যাকুল হৃদয় ফিরে পেতে চায় স্নেহবিজড়িত মাটিটুকু।

- ক) ‘দুই বিদ্যা জমি’ কোন ধরনের কবিতা?  
খ) ‘তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে’-ভূমুমীর প্রতি উপেনের এ উক্তির কারণ কী?  
গ) হরির দুর্দশার কারণ ‘দুই বিদ্যা জমি’ কবিতার আলোকে ব্যাখ্যা কর।  
ঘ) হরি ব্যাকুল হয়ে ফিরে পেতে চায় স্মৃতি বিজড়িত মাটিটুকু ঠিক যেমনি ফিরে পেতে চায় উপেন তার দুই বিদ্যা জমি- বিশ্঳েষণ কর।

৩। জমিদার ওয়াজেদ চৌধুরীর জমি বর্ণ চাষ করে দরিদ্র কৃষক ওসমান। ফসলের ভাগ আধাআধি। এবার পাটের ফলন খুব ভালো হয়েছে। জোঁকের কামড় খেয়ে, পানিতে ডুব দিয়ে দিয়ে পাটগুলো কেটেছে সে। কিন্তু ভাগ-বণ্টনের সময় চৌধুরী তিন ভাগের দুই ভাগ নিয়ে নেয়। এর কারণ জানতে চাইলে চৌধুরী বলে, গতবার বাইনের সময় বলদ আর লাঙল কেনার জন্য সে ৫০০ টাকা ধার দিয়েছে। সেই টাকার সুদ হিসেবেই ফসলের তিন ভাগের দুই ভাগ তার। ওসমান আকাশ থেকে পড়ে! কবে, কখন টাকা নিল সে? তবে ওর মনে পড়ে, বাইনের সময় কী একটা সাদা কাগজে তার টিপসই ঠিকই নিয়েছিল জমিদার। কিন্তু ওটাতে ৫০০ টাকা ধার নেওয়ার কথা লেখা ছিল, এটা তো সে বোঝেনি। সে ভাবে, এরা তো অনেক বড় জোঁক, কখন কীভাবে রক্ত চোষে, টেরও পাওয়া যায় না। ওসমানের মাথায় রক্ত উঠে যায়। সে লাঠি হাতে রওনা দেয় চৌধুরীর বাড়ির দিকে।

- ক) রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার পান?  
খ) নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী জন্মভূমি- উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?  
গ) ওয়াজেদ চৌধুরীর সঙ্গে বাবু সাহেব যেদিক থেকে সাদৃশ্যপূর্ণ, তা ব্যাখ্যা করো।  
ঘ) ওসমানের সঙ্গে উপেনের সাদৃশ্য থাকলেও দুজন দুই মেরুর বাসিন্দা, মন্তব্যটি মূল্যায়ন করো।